**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/22/2025 **গভর্নর ক্যাথি হোকল**

**গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, রিপ্রেজেন্টেটিভ গোল্ডম্যান এবং সিনেটর গাউনডারেস ব্রুকলিন মেরিন টার্মিনালকে আধুনিক মেরিটাইম বন্দরে বদলে দেওয়া, পানির সামনে নতুন, প্রাণবন্ত, মিশ্র ব্যবহারের কমিউনিটি তৈরি করার জন্য ঐতিহাসিক 3.5 বিলিয়ন মার্কিন ডলারের পরিকল্পনা পাশ করার ঘোষণা করলেন**

***বদলের জন্য থাকবে 65 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ যা সাশ্রয়ী হাউজিংয়ের বিকাশের সমর্থন করবে ও বাড়াবে এবং অনসাইটে ভবিষ্যতের কোল্ড স্টোরেজ ফ্যাসিলিটি বানাবে***

***উচ্চাকাঙ্ক্ষী পরিকল্পনাটি 60 একরের আধুনিক সম্পূর্ণ বৈদ্যুতিক বন্দর, 6,000 টি বাসা, 28 একর নতুন খোলা স্থান, 225,000 বর্গফুটের বেশি ইন্ডাস্ট্রিয়াল স্পেস, স্থিতিশীলতার ব্যবস্থা এবং কর্মশক্তি, কমিউনিটি, ও সংস্কৃতির জন্য নিবেদিত স্থান তৈরি করবে***

***পরিকল্পিত বিনিয়োগ এবং রিডেভেলপমেন্ট 18 বিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থনৈতিক প্রভাব তৈরি করবে, মেরিটাইম, ইন্ডাস্ট্রিয়াল, বাণিজ্যিক এবং আবাসিক খাতে 37,000 টি নির্মাণ এবং 2,000 স্থায়ী চাকরি তৈরি করবে***

***4,200 জনের বেশি কমিউনিটির সদস্য এবং স্টেকহোল্ডারদের সাথে এক বছরের ব্যাপক কাজের পর BMT টাস্ক ফোর্সের তিনভাগের দুই ভাগের বেশি অংশ পরিকল্পনাটিকে অনুমোদন দিয়েছেন, এখন প্রজেক্টটির পরিবেশগত রিভিউ হবে, পরিকল্পনাকে আরো গোছানোর জন্য অ্যাডভাইজরি টাস্ক ফোর্স গঠন করা হবে এবং কমিউনিটির সাথে যোগাযোগ চালিয়ে যাওয়া হবে, এবং বন্দরের অপ্টিমাইজেশনের জন্য REFI হবে***

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), মেয়র Eric Adams (এরিক অ্যাডামস), রিপ্রেজেন্টেটিভ Dan Goldman (ড্যান গোল্ডম্যান), সিনেটর Andrew Gounardes (অ্যান্ড্রু গাউনডারেস), ব্রুকলিন বরোর প্রেসিডেন্ট Antonio Reynoso (অ্যান্টনিও রেয়নোসো) এবং নিউ ইয়র্ক সিটি ইকোনোমিক ডেভেলপমেন্ট কর্পোরেশনের (New York City Economic Development Corporation, NYCEDC) প্রেসিডেন্ট এবং CEO Andrew Kimball (অ্যান্ড্রু কিম্বল) আজকে ঘোষণা করেছেন যে ব্রুকলিন মেরিন টার্মিনাল (Brooklyn Marine Terminal, BMT) টাস্ক ফোর্স BMT-কে একটি আধুনিক মেরিটাইম বন্দরে বদলে দেওয়ার জন্য এবং ব্রুকলিনে (Brooklyn) পানির সামনে একটি প্রাণবন্ত, মিশ্র ব্যবহারের কমিউনিটি তৈরির জন্য একটি ঐতিহাসিক

পরিকল্পনা পাশ করেছে। হাউজিং বাড়ানোকে সমর্থন করা এবং অনসাইটে একটি ভবিষ্যতের কোল্ড স্টোরেজ বানানোর জন্য 65 মিলিয়ন মার্কিন ডলার স্টেটের বিনিয়োগ নিয়ে, সিটি, স্টেট এবং ফেডারেল সরকার মোট 410 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ সম্ভব করেছে, প্রস্তাবনাটি ভেঙ্গে পড়তে থাকা মেরিন টার্মিনালকে একটি 60 একরের সম্পূর্ণ বৈদ্যুতিক মেরিটাইম বন্দরে বদলে দিবে, যা আরেকবার কমিউনিটির জন্য মুখ্য একটি অর্থনৈতিক চালক হাইবে কাজ করতে পারবে। নতুন করে তৈরি করা বন্দরের পাশাপাশি, আজকে পাশ করা পরিকল্পনাটি এছাড়াও 6,000 নতুন বাসা তৈরি করবে, যার মধ্যে স্থায়ীভাবে সাশ্রয়ী 2,400 ইউনিট থাকবে, এছাড়াও 28 একর পাবলিক স্পেস, 275,000 বর্গফুট বাণিজ্যিক স্থান, 250,000 বর্গফুট কমিউনিটি ফ্যাসিলিটির স্থান, এবং 225,000 বর্গফুট লাইট ইন্ডাস্ট্রিয়াল এবং ইন্ডাস্ট্রিয়াল স্পেস থাকবে। পরিকল্পনাটি, যার অধীনে মোট 122 একর আছে, এছাড়াও এলাকার জন্য অতি প্রয়োজনীয় স্থিতিশীলতা এবং ইনফ্রাস্ট্রাকচারের উন্নয়ন করবে এবং একই সাথে আনুমানিক 18 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক প্রভাব, 37,000 অস্থায়ী নির্মাণ চাকরি, এবং 2,000 স্থায়ী চাকরি তৈরি করবে। BMT টাস্ক ফোর্সের গ্রহণ করা ভিশন পরিকল্পনাটি BMT-তে সকল ভবিষ্যৎ বিনিয়োগ এবং রিডেভেলপমেন্টের ভিত্তি হিসেবে কাজ করবে।

"এই সাহসী, 3.5 বিলিয়ন মার্কিন ডলারের ভিশন ব্রুকলিন মেরিন টার্মিনালকে একটি আধুনিক, সম্পূর্ণ বৈদ্যুতিক মেরিটাইম হাবে এবং একটি সমৃদ্ধ নতুন এলাকায় বদলে দিবে, ভালো বেতনের চাকরি, সাশ্রয়ী বাসা, এবং আগামী জেনারেশনের জন্য জনগণের জন্য সুযোগ সুবিধা দিবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের পানির সামনে, আমাদের অর্থনীতিতে, এবং আমাদের কমিউনিটিতে জেনারেশনে  এই বিনিয়োগটি করার জন্য সিটির পাশে থাকতে পেরে নিউ ইয়র্ক স্টেট গর্বিত।  একসাথে আমরা প্রমাণ করছি যে বিকাশ, স্থিতিশীলতা, এবং সমতা একসাথে হয়ে থাকে।"

**নিউ ইয়র্ক সিটির (New York City) মেয়র Eric Adams (এরিক অ্যাডামস) বলেছেন,** “আজকে, আমাদের সিটি ভবিষ্যতের দিকে একটি বিশাল পদক্ষেপ নিয়েছে। এই 3.5 বিলিয়ন মার্কিন ডলারের ভিশন পরিকল্পনা অনুমোদিত করার মাধ্যমে আমরা একটি ভেঙ্গে পড়তে থাকা টার্মিনালকে একটি আধুনিক মেরিটাইম বন্দরে বদলে দিবো এবং একই সাথে হাজার হাজার সাশ্রয়ী বাসা এবং হাজার হাজার ভালো বেতনের চাকরি তৈরি করবো। আমরা খোলা স্থান দিবো যা আমাদের সিটির প্রয়োজন এবং নিউ ইয়র্ককে সবুজ অর্থনীতির সামনের দিকে রাখবো। অনেক বছর ধরে নিন্দুকেরা আমাদেরকে বলেছে যে বড় আইডিয়া এবং সাহসী উদ্যোগের দিন শেষ, কিন্তু নিউ ইয়র্ক সিটি তাদেরকে ভুল প্রমাণ করছে। আমরা আমাদের পানির সামনের স্থানকে একটি 'ভবিষ্যতের হার্বারে (Harbor of the Future)' পরিণত করছি এবং অনেক জেনারেশনের জন্য সুযোগ তৈরি করছি। আমি যখন দায়িত্ব গ্রহণ করি, তখন আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আমি 'কাজ করে দেখাবো,' এবং আজকে আমরা বড় পরিসরে তা করছি।  BMT টাস্ক ফোর্সের সকল সদস্যকে ধন্যবাদ যারা নিজেদের দায়িত্বকে গুরুত্ব দিয়েছেন এবং পুরো সময় মতামত দেওয়ার জন্য সকল কমিউনিটির সদস্য এবং বিশেষজ্ঞদের ধন্যবাদ।"

**অ্যাসেম্বলির সদস্য Dan Goldman (ড্যান গোল্ডম্যান) বলেন,** "দুই জেনারেশনের মধ্যে প্রথমবারের মতো ব্রুকলিন মেরিন টার্মিনাল আরেকবার একটি অতি প্রয়োজনীয় এবং প্রাণবন্ত অর্থনৈতিক, মেরিটাইম, পরিবেশের, এবং কমিউনিটির সম্পদ হয়ে উঠতে যাচ্ছে। অনেক দশক ধরে বন্দরটি এবং আশেপাশের এলাকাকে নষ্ট হয়ে যেতে দেয়াও হয়েছে, এবং এটিকে ঠিক

করার সকল চেষ্টা ব্যর্থ হয়েছে। আজকে আমরা অবশেষে একটি পরিকল্পনা বাস্তব করার জন্য একটি সত্যিকারের ঐতিহাসিক পদক্ষেপ নিয়েছি যা বন্দরকে রক্ষা করবে, আধুনিক এবং বড় করবে, ভবিষ্যতের জন্য একটি ইন্ডাস্ট্রিয়াল এবং বাণিজ্যিক কেন্দ্র তৈরি করবে, জলবায়ুর পরিবর্তন নিয়ে কাজ করবে এবং ব্লু হাইওয়ের নেতৃত্ব দিবে, আমাদের এলাকাগুলিকে পানির সামনের স্থানের সাথে যুক্ত করবে, এবং হাউজিং সঙ্কট সমাধানে হজের হাজার সাশ্রয়ী বাসা তৈরি করবে। টাস্ক ফোর্সের সকল সদস্যরা এর জন্য যে সময়, শক্তি এবং চেষ্টা দিয়েছেন তার জন্য আমি কৃতজ্ঞ, তা তাদের ভোট যাই হোক না কেনো, এবং আমি কৃতজ্ঞ যে এই কমিউনিটি কেন্দ্রিক প্রজেক্টটি এতো বেশি মানুষের জন্য এতো বেশি কিছু অর্জন করতে পেরেছে। ব্রুকলিনের পানির সামনের স্থানের জন্য আরো উজ্জ্বল একটি ভবিষ্যৎ তৈরি করতে আমার সহকর্মী, সিটি, স্টেট এবং EDC-এর সাথে কাজ চালিয়ে যেতে আমি আগ্রহী।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন,** "অনেক দিন ধরে কাজে না লাগানো সরকারি জমিকে একটি সুযোগ ও ইনক্লুসিভ বিকাশের কেন্দ্রে বদলে দেওয়ার ক্ষেত্রে আজকে একটি মাইলফলক অর্জন করা হয়েছে। এই জেনারেশনে একবার হয় এমন প্রজেক্টে সিটির পার্টনার হতে পেরে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট গর্বিত, এটি অর্থনৈতিক বিকাশকে সম্ভব করবে, সাশ্রয়ী হাউজিং বাড়াবে, এবং আরো স্থিতিশীল, সংযুক্ত, এবং প্রাণবন্ত পানির সামনের স্থান তৈরি করবে। জেনারেল প্রজেক্ট পরিকল্পনার পুরো প্রক্রিয়ায় কমিউনিটির সাথে কাছ থেকে কাজ করতে আমরা আগ্রহী যাতে এই সাহসী ভিশনকে বাস্তব করা যায়।"

**হাউজিং, অর্থনৈতিক বিকাশ, এবং কর্মশক্তির ডেপুটি মেয়র Adolfo Carrion, Jr. (অ্যাডোলফো ক্যারিয়ন জুনিয়র) বলেন,** "আজ নিউ ইয়র্ক সিটির জন্য একটি ঐতিহাসিক দিন। সিটি, স্টেট, এবং ফেডারেল নির্বাচিত কর্মকর্তা, এবং স্থানীয় এলাকা থেকে শুরু করে আঞ্চলিক এজেন্সি পর্যন্ত প্রতিনিধিদের নিয়ে গঠিত ব্রুকলিন মেরিন টার্মিনাল টাস্ক ফোর্স একটি আধুনিক, সম্পূর্ণ বৈদ্যুতিক, 60 একরের বন্দর এবং মিশ্র ব্যবহারের কমিউনিটি তৈরির জন্য 3.5 বিলিয়ন মার্কিন ডলারের ভিশন পরিকল্পনাকে অগ্রসর করেছে যেখানে 'ভবিষ্যতের হার্বারের' কেন্দ্রে 6,000 হাউজিং ইউনিট তৈরি করা হবে। গত এক বছর ধরে পরিকল্পনা প্রক্রিয়ায় পরিশ্রমের জন্য আমি BMT টাস্ক ফোর্সের সকল সদস্যের প্রশংসা করছি ও তাদের ধন্যবাদ জানাচ্ছি এবং মাত্র অল্প কয়েক বছর পরেই BMT সাইটের ফিতা কাটা দেখার জন্য উৎসাহ নিয়ে অপেক্ষা করছি।"

**NYCEDC-এর প্রেসিডেন্ট এবং CEO Andrew Kimball (অ্যান্ড্রু কিম্বল) বলেন,** "ব্রুকলিন মেরিন টার্মিনালের ভিশন পরিকল্পনা পাশ করা হলো নিউ ইয়র্ক সিটির অর্থনৈতিক ভবিষ্যতের জন্য একটি ঐতিহাসিক, রূপান্তরমূলক বিনিয়োগ, যা হাজার হাজার চাকরি তৈরি করবে, অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচারকে আধুনিক করবে, এবং একটি স্থিতিশীল, মিশ্র ব্যবহারের পানির সামনের স্থান তৈরি করবে যা ইনক্লুসিভ বিকাশকে সম্ভব করবে। এই পরিকল্পনাটি সিটিকে মেরিটাইম ইনোভেশনের জন্য জাতীয়ভাবে শীর্ষ অবস্থানে স্থাপন করবে এবং একই সাথে রেড হুক (Red Hook) কমিউনিটি এবং তার বাইরেও স্থায়ী সুবিধা নিয়ে আসবে। এই যুগান্তকারী ভিশনটি তৈরির জন্য NYCEDC-এর সাথে কাজ করতে তাদের অবিচল প্রতিশ্রুতির জন্য সম্পূর্ণ টাস্ক ফোর্সের জন্য আমি আমার গভীরতম কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই।"

**স্টেটের সিনেটর Andrew Gounardes (অ্যান্ড্রু গাউনডারেস) বলেন,** "অনেক দশক ধরে ব্রুকলিন মেরিন টার্মিনালকে ক্ষয় হতে এবং আমাদের কমিউনিটি ও পানির সামনের স্থানের মধ্যে একটি প্রতিবন্ধকতা হয়ে উঠতে দেওয়া হয়েছে। এখন আমাদের কাছে টার্মিনালকে আমাদের প্রয়োজন মেটাবে এমন কিছুতে বদলে দেওয়ার একটি সুযোগ আছে; একটি মিশ্র ব্যবহারের এলাকা যেখানে একটি আধুনিক বন্দর, নতুন পার্ক, ইন্ডাস্ট্রিয়াল এবং বাণিজ্যিক স্থান, এবং কয়েক হাজার নতুন সাশ্রয়ী বাসা থাকবে। এটি একটি জটিল প্রজেক্ট যার অনেক আলাদা আলাদা স্টেকহোল্ডার আছেন, এবং এই ভিশন পরিকল্পনাটি টাস্ক ফোর্স প্রক্রিয়ার তৈরি করা অনেক ভালো আইডিয়া ও কঠিন সিদ্ধান্তকে তুলে ধরে। আমরা যদি আসলেই সকলের জন্য কাজ করবে এমন একটি সিটি তৈরি করতে চাই, তাহলে আমাদেরকে কাজ করে দেখাতে হবে। এই পরিকল্পনাটি ঠিক সেটি করার কেটি গুরুত্বপূর্ণ ধাপ।"

আজকে পাশ হওয়া BMT ভিশন পরিকল্পনাটি একটি ভেঙ্গে পড়তে থাকা টার্মিনালকে একটি আধুনিক, সম্পূর্ণ বৈদ্যুতিক বন্দরে বদলে দিবে এবং একই সাথে হাজার হাজার বাসা ও হাজার হাজার নতুন চাকরি তৈরি করবে।

BMT টাস্ক ফোর্স, যার প্রধান ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) রিপ্রেজেন্টেটিভ Dan Goldman (ড্যান গোল্ডম্যান) এবং কো-চেয়ার নিউ ইয়র্ক স্টেটের সিনেটর Andrew Gounardes (অ্যান্ড্রু গাউনডারেস) এবং নিউ ইয়র্ক সিটির কাউন্সিল সদস্য Alexa Avilés (অ্যালেক্সা অ্যাভিলেস), গঠিত হয়েছে অনেক ক্ষেত্রে অভিজ্ঞ ব্যক্তিদের নিয়ে, যার মধ্যে আছেন ফেডারেল, স্টেট, এবং স্থানীয় নির্বাচিত কর্মকর্তা, স্থানীয় কমিউনিটির বোর্ড, স্থানীয় বাসিন্দাদের অর্গানাইজেশন, মেরিটাইম এবং ইন্ডাস্ট্রিয়াল স্টেকহোল্ডার, ইউনিয়ন, পরিকল্পনা ও পরিবেশের ন্যায়বিচারের অর্গানাইজেশন, এবং স্থানীয় ব্যবসা কমিউনিটির প্রতিনিধি। BMT টাস্ক ফোর্স এমন একটি ভিশন পরিকল্পনার জন্য ভোট দিয়েছে যা নয়টি নির্দিষ্ট ক্ষেত্রে একটি হাই লেভেল ফ্রেমওয়ার্ক তৈরি করে:

- **বন্দর:** পরিকল্পনার অধীনে, BMT-কে একটি 60 একরের আধুনিক এবং সাস্টেনেবল সম্পূর্ণ বৈদ্যুতিক বন্দরে বদলে দেওয়া হবে যেখানে একটি নতুন মার্জিনাল পিয়ার থাকবে যা পানি-থেকে-পানিতে মালামাল বহন করাকে উৎসাহিত করবে, স্থানীয় সড়ক এবং নিউ ইয়র্ক সিটির রাস্তা থেকে ট্রাক সরিয়ে নিবে, এবং Adams-এর (অ্যাডামস) অ্যাডমিনিস্ট্রেশনের Blue Highways উদ্যোগের একটি মুখ্য অংশ হিসেবে কাজ করবে যা সিটির জলপথে পণ্য আদান প্রদান করবে।
- **সাশ্রয়ী মূল্যের হাউজিং:** পরিকল্পনাটি সাইটে 6,000 হাউজিং ইউনিট তৈরি কবে, যার মধ্যে 40 শতাংশ, বা 2,400 ইউনিট এলাকার মিডিয়ান আয়ের 60 শতাংশ গড়ে স্থায়ীভাবে সাশ্রয়ী হবে। নিউ ইয়র্ক সিটি হাউজিং অথোরিটির (New York City Housing Authority, NYCHA) রেড হুক হাউজেস ইস্ট এবং ওয়েস্টের (Red Hook Houses East and West) বাসিন্দাদের জন্য সাইটে মোট 200টি সাশ্রয়ী ইউনিট সংরক্ষণ করে রাখা হবে। পাশাপাশি, কমিউনিটি বোর্ড 6-এ অফসাইট সাশ্রয়ী ইউনিট সংরক্ষণ বা তৈরির জন্য একটি 75 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল তৈরি করা হবে, এবং NYCHA রেড হুক হাউজেস ইস্ট এবং ওয়েস্টের জন্য 200 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হবে।

- **আটলান্টিক বেসিন:** ব্রুকলিন ক্রুজ টার্মিনাল (Brooklyn Cruise Terminal) এছাড়াও নতুন জনগণের জন্য খোলা স্থান, ইন্ডাস্ট্রিয়াল এবং বাণিজ্যিক স্থান, এবং একটি 400-চাবির হোটেল দিয়ে রিডেভেলপ করা হবে, যা পিয়ার 11 এবং পিয়ার 12 এলাকাকে কমিউনিটির জন্য খোলা একটি আকর্ষণীয় পানির সামনের গন্তব্য ডিসট্রিক্টে পরিণত করবে।
- **ইন্ডাস্ট্রিয়াল:** পরিকল্পনাটি 275,000 বর্গফুটের বেশি ইন্ডাস্ট্রিয়াল স্থান তৈরি করবে যা ছাড়যুক্ত হারে পাওয়া যাবে, পুরো সাইটে 275,000 বর্গফুটের বেশি বাণিজ্যিক স্থান থাকবে যা কমিউনিটির খুচরা বিক্রির করিডোরকে প্রাণবন্ত করবে এবং সমর্থন করবে, এবং বৃহত্তর এলাকায় ইন্ডাস্ট্রিয়াল খাতকে সমর্থন করার জন্য 10 মিলিয়ন মার্কিন ডলারের ডেভেলপমেন্ট তহবিল থাকবে।
- **শিক্ষা এবং কর্মশক্তি:** পরিকল্পনাটি একটি সার্বিক কর্মশক্তির কৌশলকে অগ্রসর করে, যার মধ্যে একটি প্রজেক্ট লেবার চুক্তি; টার্গেটেড কমিউনিটি থেকে নিয়োগ; পিয়ার 11-তে একটি নিবেদিত বিশ্বমানের পরীক্ষামূলক শেখার কেন্দ্র; এবং রেড হুকে একটি অর্থনৈতিক সচলতার নেটওয়ার্ক এবং NYCHA রেড হুক হাউজেস ইস্ট এবং রেড হুক হাউজেস ওয়েস্টের বাসিন্দাদের জন্য একটি মেরিটাইম ক্যারিয়ারের প্রস্তুতির প্রোগ্রাম স্থাপন করার তহবিল থাকবে। এছাড়াও 250,000 বর্গফুটের বেশি কমিউনিটির ফ্যাসিলিটি এবং সাংস্কৃতিক স্থান, এবং BMT নর্থে একটি নতুন পাবলিক স্কুলের জন্যও স্থান থাকবে।
- **খোলা স্থান:** ভিশন পরিকল্পনায় 28 একর জনগণের জন্য খোলা স্থান থাকবে এবং আনুমানিক এক মাইল নতুন জনগণের যাওয়ার মতো পানির সামনের স্থানের অ্যাক্সেস এবং গ্রিনওয়ে থাকবে।
- **স্থিতিশীলতা:** পরিকল্পনাটিতে একটি সার্বিক স্থিতিশীলতা কৌশলের কথা বলা হয়েছে যার মধ্যে আছে ভবিষ্যতে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বাড়ার ক্ষেত্রে সুরক্ষার জন্য একটি উঁচু স্থান, একটি 2,100, 100 বছরের ঝড় সহ্য করার জন্য নকশা করা একটি ফ্লাডওয়াল, এবং অনসাইটে ঝড়ের পানির ব্যবস্থাপনা।
- **সংযোগ এবং ট্রানজিট:** পরিকল্পনায় পথচারী এবং গণপরিবহনকে অগ্রাধিকার দেওয়া হয়েছে, পথচারীদের সচলতাকে অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং একই সাথে যাত্রীদের গন্তব্যে বাসের গতি বাড়াবে এবং ট্রাকের ট্র্যাফিক কমাবে। এর মধ্যে থাকবে পথচারী জন্য বানানো রাস্তা, সর্বোচ্চ নো পার্কিং, পুরো ডিসট্রিক্টে গ্যারেজ, মাইক্রো মোবিলিটি এবং ফ্রাইট হাব, বাসকে অগ্রাধিকার দেওয়ার লেন, বেশি ফেরি সেবা, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির সাথে একটি সংযোগ হিসেবে ইলেকট্রিক শাটল সেবার জন্য 50 মিলিয়ন ডলারের প্রতিশ্রুতি, যা B71-এর মতো ঐতিহাসিক বাস সেবাকে ফিরিয়ে আনার ব্যাপারটি যাচাই করবে, অথবা উন্নত এলাকার মধ্যে ও একাধিক এলাকার মাঝে সচলতা বাড়াতে উন্নত এবং/অথবা নতুন বাস সেবা স্থাপন করবে।
- **গভর্নেন্স এবং বাস্তবায়ন:** পরিকল্পনাটি একটি নতুন বৈধ এনটিটি তৈরি করবে, যা হলো ব্রুকলিন মেরিন টার্মিনাল ডেভেলপমেন্ট কর্পোরেশন (Brooklyn Marine Terminal Development Corporation, BMTDC), যা ভিশন পরিকল্পনাকে বাস্তবায়ন করবে, নিশ্চিত করবে যাতে ডেভেলপমেন্ট আর্থিকভাবে সম্ভব হয় এবং নিজেকে টিকিয়ে রাখতে সক্ষম হয়, এবং পর্যায়ক্রমে ডেভেলপমেন্ট বাস্তবায়ন করবে যা মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট দিয়ে পার্টনারশিপের মাধ্যমে কমিউনিটির জন্য লাভজনক হবে।

BMTDC বোর্ডে স্থানীয় কমিউনিটির প্রতিনিধিত্ব থাকবে, যেমন NYCHA রেড হুক ইস্ট এবং ওয়েস্ট, এবং একই সাথে মেরিটাইম এবং ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকবে।

আগামী সপ্তাহগুলিতে NYCEDC একটি ব্রুকলিন মেরিন টার্মিনাল অ্যাডভাইজরি টাস্ক ফোর্স (Brooklyn Marine Terminal Advisory Task Force) গঠন করবে যা পরিবেশ সম্পর্কিত রিভিউ এবং জেনারেল প্রজেক্ট পরিকল্পনা (General Project Plan) তৈরির ক্ষেত্রে গাইড করবে। NYCEDC কমিউনিটি এবং এই নতুন টাস্ক ফোর্সের সাথে কাজ চালিয়ে যাবে যাতে এই সাইট পরিকল্পনাকে আরো গুছিয়ে নেওয়া যায়, এর পর অবশেষে 2026 সালে NYCEDC একটি খসড়া পরিবেশের উপর প্রভাবের বিবৃতি এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের গ্রহণ করা জেনারেল প্রজেক্ট পরিকল্পনার খসড়া প্রকাশ করবে। NYCEDC 2026 সালের শেষের আগে দীর্ঘমেয়াদি বন্দর অপারেটরের জন্য প্রথম প্রস্তাবনার অনুরোধ প্রকাশ করতে চায়।

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক সিটি, বিশেষ করে ব্রুকলিনের অর্থনৈতিক এবং হাউজিংয়ের বিকাশে প্রতিশ্রুতিবদ্ধ আছেন।

- 2024 সালের মে মাসে গভর্নর Hochul (হোকল) একটি ভবিষ্যতের অনসাইট কোল্ড স্টোরেজ ফ্যাসিলিটির জন্য একটি 15 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতির ঘোষণা করেন। রেড হুকে একটি কোল্ড স্টোরেজের অভাবের কারণে ট্র্যাফিক, দূষণ বৃদ্ধি পেয়েছে, এবং এবং অন্যান্য জীবনযাত্রার মান সংক্রান্ত উদ্বেগের সৃষ্টি হয়েছে যেহেতু পচনযোগ্য পণ্য ব্রুকলিন থেকে এবং পর্যন্ত পরিবহন করা হচ্ছে। এই তহবিলটি ব্রুকলিন এবং নিউ ইয়র্ক সিটিতে জীবনযাপনের মান উন্নত করতে গভর্নরের দীর্ঘমেয়াদি এজেন্ডাকে অগ্রসর করে।
- 2025 সালের জুন মাসে গভর্নর Hochul (হোকল) ঘোষণা করেন যে, Queen One, Inc. নামে একটি ভিশনারি কমার্স টেকনোলজি কোম্পানি একটি 10 বছরের লীজ চুক্তির অধীনে ব্রুকলিনের উইলিয়ামসবার্গের (Williamsburg) 25 Kent Avenue-এ তাদের নতুন সদরদপ্তর বানাবে। 30,000 বর্গফুট আয়তনের এই স্থাপনাটি 10 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি মূলধনী বিনিয়োগের প্রতিনিধিত্ব করে এবং এটি 600টি পূর্ণকালীন, উচ্চ প্রযুক্তির কর্মসংস্থান তৈরি করবে বলে আশা করা হচ্ছে। একই সাথে, আগামী পাঁচ বছরে কোম্পানিটি তার পরবর্তী প্রজন্মের ই-কমার্স প্ল্যাটফর্ম তৈরি করার সাথে সাথে 67 মার্কিন মিলিয়ন ডলার গবেষণা ও উন্নয়ন বিনিয়োগ আনবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর পারফরম্যান্স-ভিত্তিক এক্সেলসিয়র জবস প্রোগ্রাম (Excelsior Jobs Program) ট্যাক্স ক্রেডিট থেকে প্রাপ্ত 6 মিলিয়ন মার্কিন ডলারের সহায়তায় এই সদর দফতরটি উদ্ভাবন, কর্মসংস্থান সৃষ্টি এবং ডিজিটাল অর্থনীতিতে নিউ ইয়র্কের নেতৃত্বকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি বড় পদক্ষেপের সূচনা করে।
- 2025 সালের জুলাই মাসে, গভর্নর Hochul (হোকল) ঘোষণা করেন যে Innovative Urban Village-এর পর্যায় 1A-এর নির্মাণ কাজ শুরু হয়েছে, এটি ব্রুকলিনের ইস্ট নিউ ইয়র্ক (East New York) এলাকার একটি 385 ইউনিটের সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্ট যেখানে তাজা খাবারের মুদি দোকানের জন্য একটি বাণিজ্যিক স্থান থাকবে। 270 মিলিয়ন মার্কিন ডলারের প্রজেক্টটি হলো Christian Cultural Center-এর ক্যাম্পাসের সার্বিক নতুন ডেভেলপমেন্টের অংশ। 2025 ও 2026 সালের অর্থবছরের প্রণীত

বাজেটগুলো গভর্নরের প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রামকেও শক্তিশালী করেছে — যা অনুমোদিত এলাকাগুলিকে 750 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত নির্বাহী স্টেট বরাদ্দে একক অ্যাক্সেস প্রদান করে। বর্তমানে, 300টির বেশি কমিউনিটি প্রো-হাউজিং সার্টিফিকেশন পেয়েছে, যার মধ্যে নিউ ইয়র্ক সিটি আছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন